

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ

উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়, গোলাপগঞ্জ, সিলেট এর নিরীক্ষার আওতাধীন গোলাপগঞ্জ উপজেলার বিভিন্ন কার্যালয়ের আয়-ব্যয় হিসাবের পূর্ব নিরীক্ষা ও হিসাব, হিসাব সংকলন তদারকী এবং অর্পিত প্রশাসনিক দায়িত্ব সম্পাদন করে থাকে। তাছাড়া এ কার্যালয়ের মাধ্যমে উপজেলার বিভিন্ন সরকারী অফিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণের বেতন ভাতার বিল পাশ, আইসিইউ রিপোর্ট, এলপিসি গ্রহণ ও প্রদান, ছুটির হিসাব সংরক্ষণ, জিপিএফ হিসাব সংরক্ষণ, অগ্রিম ও চূড়ান্ত পরিশোধ, পেনশন ও আনুতোষিক পরিশোধ, মন্ত্রণালয় ভিত্তিক প্রাপ্তি ও পরিচালন ও উন্নয়ন বাজেটের বিপরীতে ব্যয়ের হিসাব সংরক্ষণ করতঃ মাসিক হিসাব প্রণয়ন, উপজেলার বিভিন্ন সরকারী অফিসের সাথে হিসাবের সংগতি সাধন সহ সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ কাজ সম্পাদন করে থাকে।

সাম্প্রতিক অর্জনসমূহঃ

- সম্মানিত পেনশনারগণের ডাটা শতভাগ এফ্রির কাজ সম্পন্ন।
- পেনশন ও অন্যান্য ভাতাদি ইএফটি এর মাধ্যমে পরিশোধ।
- গেজেটেড ও নন গেজেটেড কর্মকর্তা/কর্মচারীগণের বেতন ও ভাতাদি ইএফটি এর মাধ্যমে পরিশোধ।
- গেজেটেড ও নন গেজেটেড কর্মকর্তা/কর্মচারীগণের জিপিএফ এর প্রারম্ভিক স্থিতি এ্যাপ্রুভ এর কাজ সম্পন্ন।
- সরকারী নির্দেশনা মোতাবেক ১০০% সমর্পনকারী পেনশনারদের ১৫ বছর পূর্তিতে পেনশন পুনঃস্থাপনের কাজ সম্পন্ন।